

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৬২(আগরতলা-০৫।০৩)

গন্ডাছড়া, ০৫ মার্চ, ২০১৯

### ভগীরথ পাড়ায় খুমপুই উৎসব অনুষ্ঠিত

গন্ডাছড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল মহকুমার ভগীরথ পাড়ার খুমপুই উদ্যান সংলগ্ন স্থানে খুমপুই উৎসব অনুষ্ঠিত হয়। গতকাল সন্ধ্যায় প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, ভগীরথ পাড়াতে রাইমার দুপাড়ের প্রাকৃতির সৌন্দর্যকে কেন্দ্র করে এখানে পর্যটন শিল্পের সম্প্রসারণ হতে পারে। সেই লক্ষ্যে রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয় জল, স্বাস্থ্য শিক্ষা ইত্যাদি পরিকাঠামো এবং পরিষেবার উন্নতি হচ্ছে। সারা বছর এখানে দেশ-বিদেশের পর্যটকরা ভিড় করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, রাজ্যের নতুন সরকার ক্ষমতায় আসার পরই অবহেলিত ভগীরথ পাড়াকে একটি ধর্মীয় পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। এই উৎসবে জমাতিয়া সম্প্রদায়ের বিশেষ ভূমিকা রয়েছে। জমাতিয়া হদার উদ্যোগে ২০০৭ সাল থেকে শিব চতুদশীতে এখানে পূজা, কীর্তন এবং মেলায় আয়োজন করা হচ্ছে। জাতি-উপজাতি সকল অংশের বহু পুণ্যার্থী এবারের মেলায় সমবেত হয়েছেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন খুমপুই উৎসব কমিটির আহ্বায়ক তথা মহকুমা শাসক এল এল রাঞ্চল। উৎসব উপলক্ষে সারা রাতব্যাপী কীর্তন সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ভগীরথ ভিলেজের ভাইস চেয়ারম্যান নরেন্দ্র ত্রিপুরা সভাপতিত্ব করেন।

\*\*\*\*\*